তারিখ ... 17 MAY 2016 ...
পৃষ্ঠা ... ৭ ... ৬ কলাম ... ৮ ... ......

যুগান্তর

# ঢাবিতে ভিজ্যুয়াল অ্যান্ড মিডিয়া অ্যানথ্রোপলজি উইক শুরু

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার**

ঢাকা বিশ্ববিদ্যালয়ের নৃ-বিজ্ঞান বিভাগের আয়োজনে শুরু হয়েছে তিন দিনব্যাপী ভিজ্যুলয়াল অ্যান্ড মিডিয়া অ্যানথ্রোপলজি সপ্তাহ-২০১৬। সোমবার সকালে বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্রে (টিএসসি) অনুষ্ঠানের উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিভাগের চেয়ারপারসন অধ্যাপক হাসান আল শাফী, অধ্যাপক ড. জাহিদুল ইসলাম, অধ্যাপক সাইফুর রশিদ, সহযোগী অধ্যাপক রাশিদ মাহমুদসহ বিভাগের অন্য শিক্ষক ও শিক্ষার্থীরা। তিন দিনব্যাপী এ আয়োজনে থাকবে আলোকচিত্র প্রতিযোগিতা, প্রদর্শনী, ওয়ার্কশপ ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান। প্রথমদিন দুই ক্যাটাগরিতে টিএসসিতে চলবে আলোকচিত্র প্রতিযোগিতা। দুই ক্যাটাগরিতে থিম রয়েছে ৩টি। এগুলো হল ক্লাইমেট চেঞ্জ অ্যান্ড ডিজাস্টার, কনজ্যুমার কালচার এবং হিউম্যান রাইটস। আলোকচিত্র প্রতিযোগিতার পাশাপাশি একই সময়ে টিএসসির বারান্দায় চলছে প্রদর্শনী। এছাড়া টিএসসির মুনির চৌধুরী মিলনায়তনে অনুষ্ঠিত হচ্ছে ভিজ্যুয়াল অ্যান্ড মিডিয়া আনথ্রোপলজির ওপর কর্মশালা। অনুষ্ঠানের স্ট্রাটেজিক পার্টনার হিসেবে আছে ঢাকা ইউনিভার্সিটি ফটোগ্রাফিক সোসাইটি।